গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৫৩৬.২৫. ১৫৭ তারিখঃ ০৭/০৮/০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বিভাগীয় মামলা নং ০৩৮/২০২৫ এর ব্যক্তিগত শুনানির নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি সামসুন নাহার, পিতাঃ আব্দুল হামিদ, প্রভাষক, সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর (সাবেক অধ্যক্ষ, শহীদ তাজউদ্দীন আহমেদ নার্সিং কলেজ, গাজীপুর) এর বিরুদ্ধে রুজুকৃত ০৩৮/২০২৫ নং বিভাগীয় মামলায় অভিযোগনামার জবাব প্রদান করেন। আপনার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। উক্ত জবাব বিবেচনায় কর্তৃপক্ষ আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানি আগামী ১৩/০৮/২০২৬ খ্রি. সকাল ১২.০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক শুনানি গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

07.08.26
মোসাঃ ফরিদা ইয়াসমীন
সহকারী পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

**বর্তমান ঠিকানা**
সামসুন নাহার
পিতাঃ আব্দুল হামিদ
প্রভাষক, সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর (সাবেক অধ্যক্ষ, শহীদ তাজউদ্দীন আহমেদ নার্সিং কলেজ, গাজীপুর)।

**স্থায়ী ঠিকানা**
সামসুন নাহার
পিতাঃ আব্দুল হামিদ
গ্রামঃ ছনপাড়া, পোঃ জাতীয় বিশ্ববিদ্যালয়
থানাঃ গাজীপুর সদর, জেলাঃ গাজীপুর।

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অধ্যক্ষ, সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর।
৩। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৪৪১.২৪. ১৫৮ তারিখঃ ৯ /০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা নং ০৮০/২০২৬ নং এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি মোঃ সাঈদ হাসান, পিতাঃ মোঃ দেলশাদ আলী, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি নং- ১০৮১২২০১৬২১৫৪২, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরা (পূর্বের কর্মস্থল- রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী) এর বিরুদ্ধে এ অধিদপ্তরের গত ১৫/০৩/২০২৬ খ্রি. তারিখের ৪৩ নং স্মারকে ০৮০/২০২৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগনামার জবাব গত ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখে এ অধিদপ্তর বরাবর দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন।

২। বর্ণিতাবস্থায়, আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানি আগামী ১৩/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক শুনানি গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

09.08.26
মোছাঃ ফরিদা ইয়াসমীন
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

মোঃ সাঈদ হাসান
পিতা- মোঃ দেলশাদ আলী
সিনিয়র স্টাফ নার্স
সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরা
(পূর্বের কর্মস্থল- রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল,
রাজশাহী)।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৪৪১.২৪. ১৫৮/১৬৫ তারিখঃ ৯ /০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে
১। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরা।
৩। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৪। জেলা পাবলিক হেলথ নার্স, সাতক্ষীরা।
৫। সেবা তত্ত্বাবধায়ক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
৬। সেবা তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

09.08.26
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

CamScanner

রেজিঃ/এডিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯১.২৩.১৫৩ তারিখঃ৩ /০৮/২০২৬ খ্রিঃ

## অফিস আদেশ

মোঃ মাজহারুল ইসলাম, পিতাঃ মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ১৩/১১/২০২২ খ্রি. তারিখ হতে ২৩/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত Conference on "6th World Congress of Nursing Education and Health Care" in Rome, Italy under Invine Meeting LLC, USA- তে অংশগ্রহণ শেষে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে পরিচালকের কার্যালয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কর্তৃক ২৮/১২/২০২২ খ্রি. তারিখের ঢামেকহা/সেবা-প্রশাঃ/ ১৫০৯২ নং স্মারকে এ অধিদপ্তরকে অবহিত করা হয়;

২। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে এ অধিদপ্তরের ০১/০৩/২০২৩ খ্রি. তারিখের ৪৪ নং স্মারকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের প্রেক্ষিতে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলেও তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব দাখিল করেননি;

৩। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করায় অভিযুক্তের বিরুদ্ধে এ অধিদপ্তরের ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখের ১৯৫ নং স্মারকে ০১৩/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হলেও তিনি অভিযোগনামার কোনো জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত ০১৩/২০২৩ নং বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ অধিদপ্তরের ১৫/১১/২০২৩ খ্রিঃ তারিখের ৩২২ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক ১৪/১২/২০২৩ খ্রি.তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয় ও তদন্ত কার্যক্রমেও অভিযুক্ত অনুপস্থিত ছিলেন;

৫। যেহেতু, তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এ অধিদপ্তরের ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখের ১২৪ নং স্মারকে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি উক্ত ২য় কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব দাখিল করেননি;

৬। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধির আওতায় "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়, সেহেতু একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী অননুমোদিত অনুপস্থিতির দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় গুরুদণ্ড প্রদানের ক্ষেত্রে (চাকুরী হইতে বরখাস্তকরণ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণের জন্য এ অধিদপ্তরের ০৪/০৫/২০২৬ খ্রি. তারিখের ৮৮ নং স্মারকে স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়;

৭। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধির আওতায় "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদণ্ড হিসেবে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একমত পোষণ করে এবং উক্ত মতামত স্বাস্থ্য সেবা বিভাগ ২৮/০৬/২০২৬ খ্রি. তারিখের ১৬৩ নং স্মারকে এ অধিদপ্তরকে অবহিত করে;

৮। সেহেতু, অভিযুক্ত মোঃ মাজহারুল ইসলাম, পিতাঃ মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ২৪/১১/২০২২ খ্রি. হতে চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal) নামীয় গুরুদণ্ড প্রদান করা হলো।

দিল আফরোজা
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯১.২৩. ১৫৯/১(১১)

তারিখঃ ৭/০৮/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপসচিব (নার্সিং সেবা-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। সহকারী পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। মোঃ মাজহারুল ইসলাম, পিতাঃ মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র স্টাফ নার্স (বরখাস্তকৃত), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ মোঃ মাজহারুল ইসলাম, পিতাঃ মোঃ আনোয়ার হোসেন, গ্রামঃ দক্ষিণ সাতলা, পোঃ সাতলা, উপজেলাঃ উজিরপুর, জেলাঃ বরিশাল)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

০৭.০৮.২৬
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা